**রেজিস্টার্ড নং ডি এ-১** **"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, ডিসেম্বর ২২, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ/ ২২ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং ৩৩৯-আইন/২০২০।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা সশস্ত্র বাহিনী সদর দপ্তর এবং আন্তঃবাহিনী সংস্থা সিভিলিয়ান কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **'জিপিএ'** অর্থ Grade Point Average (GPA);

(খ) **'তফসিল'** অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) **'নিয়োগকারী কর্তৃপক্ষ'** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোনো কর্মচারী;

(ঘ) **'পদ'** অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(ঙ) **'প্রয়োজনীয় যোগ্যতা'** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য উল্লিখিত যোগ্যতা;


**মূল্য :** টাকা ৩০.০০

(চ) **'বিভাগীয় প্রার্থী'** অর্থ ঐ সকল কর্মচারী যাহারা একই লাইনের এবং একই প্রতিষ্ঠানের চাকরিতে অন্যূন ২ (দুই) বৎসর স্থায়ী বা অস্থায়ীভাবে নিয়োজিত রয়েছেন এবং বিজ্ঞাপিত পদে পদোন্নতি বা সরাসরি নিয়োগের জন্য যোগ্য এবং যাহাদের সরকারি চাকরিতে প্রথম নিয়োগের বয়সসীমা সরাসরি নিয়োগের জন্য নির্ধারিত বয়সসীমার মধ্যে;

(ছ) **'শিক্ষানবিশ'** অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসেবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(জ) **'সিজিপিএ'** অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(ঝ) **'স্বীকৃত বিশ্ববিদ্যালয়' বা 'স্বীকৃত বোর্ড' বা 'স্বীকৃত ইনস্টিটিউট' বা 'স্বীকৃত প্রতিষ্ঠান'** অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।—(১)** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশে ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষ, তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য কর্তৃপক্ষের মাধ্যমে তদন্ত না হয়, বা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৪) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৫) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ণ চাকরিকাল কেবল পেনশন ও বেতন সংরক্ষণের জন্য প্রযোজ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে, তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী পদে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশি।**—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ এইরূপে বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদকালে নিয়োগকারী কর্তৃপক্ষ বিবেচনা করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালীন কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবেন এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি বিবেচনা করেন যে, উক্ত মেয়াদ চলাকালীন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সেই সকল কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ প্রয়োজন হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যেই তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **বিশেষ বিধান।**—তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ থাকিলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত।**—(১) Stenographers and Steno-Typists (Armed Forces Headquarters and Inter-Services Organizations) Recruitment Rules, 1979 এবং Armed Forces Headquarters Civilian Personnel (Non- Gazetted) Recruitment Rules, 1981 এতদ্দ্বারা রহিত করা হইলো।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও, উক্ত Rules এর অধীন—

(ক) জারীকৃত আদেশ, প্রদত্ত নির্দেশ ও কৃত কার্য এ বিধিমালার অধীন জারীকৃত, প্রদত্ত ও কৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) গৃহীত কোনো কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা উক্ত Rules এর বিধান অনুসারে এইরূপে নিষ্পত্তি করিতে হইবে যেন এই বিধিমালা কার্যকর হয় নাই।

(৩) সিভিল আপিল নং ৪৮/২০১১ এ সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১ নং আইন) বাতিল ঘোষণা করায় Armed Forces Headquarters Civilian Officers Recruitment Rules, 1982 বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইয়াছে।

(৪) উক্তরূপ বিলুপ্ত হওয়া সত্ত্বেও—

(ক) বিলুপ্তির পূর্বে উক্ত Rules এর অধীন নিয়োগপ্রাপ্তদের নিয়োগ এবং উহার ধারাবাহিকতায় প্রাপ্ত প্রশিক্ষণ, শিক্ষানবিশিসহ চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ এইরূপভাবে চলমান থাকিবে যেন উহা এই বিধিমালার বিধান অনুযায়ী প্রাপ্ত ও অর্জিত হইয়াছে; এবং

(খ) বিলুপ্তির পরবর্তীতে—

(অ) এই বিধিমালার কার্যকরতার তারিখ এবং ইহার জারির তারিখের অন্তর্বর্তীকালীন সময় নিয়োগপ্রাপ্তদের নিয়োগ এবং উহার ধারাবাহিকতায় প্রাপ্ত প্রশিক্ষণ, শিক্ষানবিশিসহ চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ, যদি থাকে, এইরূপভাবে চলমান থাকিবে যেন উহা এই বিধিমালার বিধান অনুযায়ী প্রাপ্ত ও অর্জিত হইয়াছে; এবং

(আ) কোনো কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে উহা, এই বিধিমালার বিধানের সহিত সমঞ্জস হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল-১**
**[বিধি ২ এর দফা (খ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | মহাপরিচালক | - | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:** পরিচালক বা পরিচালক (নন-টেকনিক্যাল) পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরিসহ নবম গ্রেড বা তদূর্ধ্ব পদে অন্যূন বিশ (২০) বৎসরের চাকরি এবং নবম গ্রেড পদে যোগদানের তারিখ অনুযায়ী সমন্বিত জ্যেষ্ঠতার ভিত্তিতে।<br><br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:** যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। |
| ২। | পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে। | অতিরিক্ত পরিচালক (নন-টেকনিক্যাল) বা অতিরিক্ত পরিচালক (পরিসংখ্যান) পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরিসহ নবম গ্রেড বা তদূর্ধ্ব পদে অন্যূন ১২(বারো) বৎসরের চাকরি। |
| ৩। | পরিচালক (নন-টেকনিক্যাল) | - | পদোন্নতির মাধ্যমে। | অতিরিক্ত পরিচালক (নন-টেকনিক্যাল) পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরিসহ নবম গ্রেড বা তদূর্ধ্ব পদে অন্যূন ১২(বারো) বৎসরের চাকরি। |
| ৪। | অতিরিক্ত পরিচালক (নন-টেকনিক্যাল) | - | পদোন্নতির মাধ্যমে। | উপপরিচালক (নন-টেকনিক্যাল) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৫। | অতিরিক্ত পরিচালক (পরিসংখ্যান) | - | পদোন্নতির মাধ্যমে। | উপপরিচালক (পরিসংখ্যান) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৬। | সিনিয়র প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯। | | |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৭। | উপপরিচালক (নন-টেকনিক্যাল) | - | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী পরিচালক (নন-টেকনিক্যাল) বা সহকারী পরিচালক (সফটওয়্যার ডেভেলপমেন্ট) বা সহকারী পরিচালক (সফটওয়্যার সাপোর্ট) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। |
| ৮। | উপপরিচালক (পরিসংখ্যান) | - | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী পরিচালক (পরিসংখ্যান) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। |
| ৯। | রিসার্চ ফেলো | ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানে প্রভাষক বা গবেষক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আন্তর্জাতিক সম্পর্ক, রাষ্ট্রবিজ্ঞান, সমাজ বিজ্ঞান, সমাজকল্যাণ, সমাজ কর্ম, আন্তর্জাতিক অর্থনীতি, অর্থনীতি, ডিফেন্স স্ট্যাডিজ, ওয়ার স্টাডিজ বা স্ট্র্যাটেজিক স্টাডিজ বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে। |
| ১০। | সহকারী সিস্টেম এনালিস্ট | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১১। | মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১২। | সহকারী পরিচালক (নন-টেকনিক্যাল) | ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৩৪ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৬৬ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অধীক্ষক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন-<br>(অ) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; বা<br>(আ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ১৩। | সহকারী পরিচালক (পরিসংখ্যান) | ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী পরিসংখ্যান কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, গণিত বা অর্থনীতিতে অন্যূন-<br>(অ) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; বা<br>(আ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১৪। | সহকারী পরিচালক (লাইব্রেরি) | ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী লাইব্রেরিয়ান পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে অন্যূন-<br>(অ) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; বা<br>(আ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; বা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি এবং গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। |
| ১৫। | সহকারী পরিচালক (সফটওয়্যার ডেভেলপমেন্ট) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে Structured Programming বা Object Oriented Programming Language এ প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে নেটওয়ার্কিং এ প্রফেশনাল সনদ; এবং<br>(ঘ) স্ট্যান্ডার্ড অ্যাপটিচিউড টেস্টে উত্তীর্ণ। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১৬। | সহকারী পরিচালক (সফটওয়্যার সাপোর্ট) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে Structured Programming বা Object Oriented Programming Language এ প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>(গ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে নেটওয়ার্কিং এ প্রফেশনাল সনদ; এবং<br>(ঘ) স্ট্যান্ডার্ড অ্যাপটিচিউড টেস্টে উত্তীর্ণ। |
| ১৭। | সহকারী প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৮। | অধীক্ষক | - | (ক) মোট পদের শতকরা ৭০ ভাগ পদ সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৩০ ভাগ পদ সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | সহকারী বা সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরি। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১৯। | সহকারী পরিসংখ্যান কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে। | পরিসংখ্যান সহকারী বা পরিসংখ্যান ইনভেস্টিগেটর পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি। |
| ২০। | ধর্মীয় শিক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বোর্ড বা বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ফাজিল ডিগ্রি। |
| ২১। | নক্সাকার গ্রেড-১ (ডিপ্লোমা) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে পুরঃ কৌশল বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ২২। | এস্টিমেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে পুরঃ কৌশল বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ২৩। | কমার্শিয়াল আর্টিস্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফাইন আর্টস বিষয়ে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ২৪। | সিনিয়র অফসেট মেশিন অপারেটর | - | পদোন্নতির মাধ্যমে। | অফসেট মেশিন অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ২৫। | সিনিয়র অফসেট মেশিন ক্যামেরাম্যান | - | পদোন্নতির মাধ্যমে। | অফসেট মেশিন ক্যামেরাম্যান পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ২৬। | সিনিয়র পিটিএস অপারেটর | - | পদোন্নতির মাধ্যমে। | ফটো টাইপ সেটার (পিটিএস) অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ২৭। | সিনিয়র বাইন্ডিং অপারেটর | - | পদোন্নতির মাধ্যমে। | বাইন্ডিং অপারেটর পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি। |
| ২৮। | সহকারী লাইব্রেরিয়ান | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) ক্যাটালগার বা ক্লাসিফায়ার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ২৯। | নক্সাকার গ্রেড-১ | - | পদোন্নতির মাধ্যমে। | নক্সাকার গ্রেড-২ পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৩০। | স্পোর্টস কোচ মার্কার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ; এবং<br>(গ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ১ (এক) বৎসরের অভিজ্ঞতা। |
| ৩১। | সিনিয়র প্লেট মেকার | - | পদোন্নতির মাধ্যমে। | প্লেট মেকার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি। |
| ৩২। | সহকারী ফোরম্যান | - | পদোন্নতির মাধ্যমে। | চার্জহ্যান্ড (কম্পোজিটর), চার্জহ্যান্ড (রিডার), চার্জহ্যান্ড (মেশিনম্যান) বা চার্জহ্যান্ড (বাইন্ডার) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি। |
| ৩৩। | ফটো টাইপ সেটার (পিটিএস) অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৪। | ডিজাইনার/পেস্টার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফাইন আর্টস বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৩৫। | বাইন্ডিং অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে যন্ত্রকৌশল বিষয়ে ডিপ্লোমা। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩৬। | অফসেট মেশিন ক্যামেরাম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে প্রিন্টিং প্রযুক্তি বিষয়ে ডিপ্লোমা; এবং<br>(গ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৭। | অফসেট মেশিন অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ২ (দুই) বৎসর মেয়াদি প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৮। | সহকারী | ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৭৫ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ২৫ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>উচ্চমান করণিক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিস ও ডাটাবেজসহ কম্পিউটার চালনার দক্ষতা। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩৯। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিস ও ডাটাবেজসহ কম্পিউটার চালনার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিস ও ডাটাবেজসহ কম্পিউটার চালনার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ ও তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪০। | নক্সাকার গ্রেড-২ | ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br><br>(খ) মোট পদের শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>নক্সাকার গ্রেড-৩ পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br><br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ২ (দুই) বৎসরের ট্রেড কোর্সে উত্তীর্ণ। |
| ৪১। | কম্পিউটার অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৪২। | সিনিয়র ক্যামেরাম্যান | - | পদোন্নতির মাধ্যমে। | ক্যামেরাম্যান পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৪৩। | হেড প্রুফ রিডার | - | পদোন্নতির মাধ্যমে। | জুনিয়র প্রুফ রিডার পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি। |
| ৪৪। | স্টোর কিপার | ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী স্টোর কিপার পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিস ও ডাটাবেজসহ কম্পিউটার চালনার দক্ষতা। |
| ৪৫। | চার্জহ্যান্ড (কম্পোজিটর) | - | পদোন্নতির মাধ্যমে। | এমএসজি (কম্পোজিটর) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি। |
| ৪৬। | চার্জহ্যান্ড (রিডার) | - | পদোন্নতির মাধ্যমে। | এমএসজি (রিডার) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি। |
| ৪৭। | চার্জহ্যান্ড (মেশিনম্যান) | - | পদোন্নতির মাধ্যমে। | এমএসজি (মেশিনম্যান) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি। |
| ৪৮। | চার্জহ্যান্ড (বাইন্ডার) | - | পদোন্নতির মাধ্যমে। | এমএসজি (বাইন্ডার) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৪৯। | উচ্চমান করণিক | ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৭৫ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ২৫ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস করণিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিস ও ডাটাবেজসহ কম্পিউটার চালনার দক্ষতা। |
| ৫০। | হিসাবরক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিস ও ডাটাবেজসহ কম্পিউটার চালনার দক্ষতা। |
| ৫১। | ক্যাশিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিস ও ডাটাবেজসহ কম্পিউটার চালনার দক্ষতা। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৫২। | পরিসংখ্যান সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, গণিত বা অর্থনীতি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৫৩। | পরিসংখ্যান ইনভেস্টিগেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, গণিত বা অর্থনীতি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৫৪। | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিস ও ডাটাবেজসহ কম্পিউটার চালনার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ ও তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৫। | সহকারী স্টোর কিপার | - | পদোন্নতির মাধ্যমে। | স্টোরম্যান পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি। |
| ৫৬। | ক্যাটালগার | - | পদোন্নতির মাধ্যমে। | কাউন্টার ক্লার্ক বা লাইব্রেরি সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৫৭। | ক্লাসিফায়ার | - | পদোন্নতির মাধ্যমে। | কাউন্টার ক্লার্ক বা লাইব্রেরি সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৫৮। | প্রিন্টিং সুপারভাইজার | - | পদোন্নতির মাধ্যমে। | এমসি-১ (কম্পোজিটর), এমসি-১ (রিডার), এমসি-১ (মেশিনম্যান) বা এমসি-১ (বাইন্ডার) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি। |
| ৫৯। | এমএসজি (কম্পোজিটর) | - | পদোন্নতির মাধ্যমে। | এমসি-১ (কম্পোজিটর) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৬০। | এমএসজি (রিডার) | - | পদোন্নতির মাধ্যমে। | এমসি-১ (রিডার) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৬১। | এমএসজি (মেশিনম্যান) | - | পদোন্নতির মাধ্যমে। | এমসি-১ (মেশিনম্যান) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি। |
| ৬২। | এমএসজি (বাইন্ডার) | - | পদোন্নতির মাধ্যমে। | এমসি-১ (বাইন্ডার) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি। |
| ৬৩। | ক্যামেরাম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>(গ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ১ (এক) বৎসরের অভিজ্ঞতা। |
| ৬৪। | সিনিয়র মেশিনম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) মেশিনম্যান সংক্রান্ত কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ৬৫। | জুনিয়র প্রুফ রিডার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) প্রুফ রিডিং কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৬৬। | অভ্যর্থনাকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিস ও ডাটাবেজসহ কম্পিউটার চালনার দক্ষতা। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৬৭। | টেলিফোন সুপারভাইজার | - | পদোন্নতির মাধ্যমে। | টেলিফোন অপারেটর পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ৬৮। | নক্সাকার গ্রেড-৩ | ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ট্রেসার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ২ (দুই) বৎসর মেয়াদি ড্রাফটম্যানশিপ কোর্সে উত্তীর্ণ। |
| ৬৯। | এমসি-১ (কম্পোজিটর) | - | পদোন্নতির মাধ্যমে। | এমসি-২ (কম্পোজিটর) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি। |
| ৭০। | এমসি-১ (রিডার) | - | পদোন্নতির মাধ্যমে। | এমসি-২ (রিডার) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৭১। | এমসি-১ (মেশিনম্যান) | - | পদোন্নতির মাধ্যমে। | এমসি-২ (মেশিনম্যান) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি। |
| ৭২। | এমসি-১ (বাইন্ডার) | - | পদোন্নতির মাধ্যমে। | এমসি-২ (বাইন্ডার) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি। |
| ৭৩। | টেলিকমিউনিকেশন মেকানিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৭৪। | রেকর্ড কিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭৫। | টাইপ রাইটার মেকানিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৭৬। | এয়ার কন্ডিশন অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্সে উত্তীর্ণ। |
| ৭৭। | ড্রাইভার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ভারী ড্রাইভিং লাইসেন্স থাকিতে হইবে; এবং<br>(গ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৭৮। | অফিস করণিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ ও তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭৯। | লাইব্রেরি সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ। |
| ৮০। | ডাটা এন্ট্রি অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) স্ট্যান্ডার্ড অ্যাপটিচিউড টেস্টে উত্তীর্ণ। |
| ৮১। | স্টোরম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) মাইক্রোসফট অফিস ও ডাটাবেজসহ কম্পিউটার চালনার দক্ষতা। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৮২। | কম্পিউটার হার্ডওয়ার টেকনিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৬ মাস মেয়াদি ট্রেড কোর্সে উত্তীর্ণ। |
| ৮৩। | রিটাচার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৮৪। | অপারেটর রিপ্রোডাকশন ইকুইপমেন্ট (ওআরই) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ১ (এক) বৎসরের অভিজ্ঞতা। |
| ৮৫। | রিপ্রডাকশন অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ১ (এক) বৎসরের অভিজ্ঞতা। |
| ৮৬। | ল্যাবরেটরি টেকনিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ১ (এক) বৎসরের অভিজ্ঞতা। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৮৭। | এমসি-২ (কম্পোজিটর) | ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৬৬ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৩৪ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>কম্পোজিটর/টিএম (কম্পোজিটর) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| ৮৮। | এমসি-২ (রিডার) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ১ (এক) বৎসরের অভিজ্ঞতা। |
| ৮৯। | এমসি-২ (মেশিনম্যান) | - | পদোন্নতির মাধ্যমে। | টিএম (মেশিনম্যান) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি। |
| ৯০। | এমসি-২ (বাইন্ডার) | - | পদোন্নতির মাধ্যমে। | বুক বাইন্ডার/টিএম (বাইন্ডার) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৯১। | প্লেট মেকার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৯২। | ফটোল্যাব সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ১ (এক) বৎসরের অভিজ্ঞতা। |
| ৯৩। | সাইন রাইটার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৯৪। | কাউন্টার ক্লার্ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ। |
| ৯৫। | টেলিফোন অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯৬। | ড্রাইভার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ভারী ড্রাইভিং লাইসেন্স থাকিতে হইবে; এবং<br>(গ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৯৭। | ট্রেসার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ট্রেসিং বা ড্রাফটম্যানশিপ কোর্সে উত্তীর্ণ। |
| ৯৮। | লাইন্সম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>(গ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৯৯। | বাটলার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ক্যাটারিং কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ১০০। | ইলেকট্রিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ২ (দুই) বৎসর মেয়াদি ট্রেড কোর্সে উত্তীর্ণ; এবং<br>(গ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১০১। | কম্পোজিটর/টিএম (কম্পোজিটর) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| ১০২। | টিএম (মেশিনম্যান) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| ১০৩। | বুক বাইন্ডার/টিএম (বাইন্ডার) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| ১০৪। | পেইন্টার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্সে উত্তীর্ণ; এবং<br>(গ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১০৫। | কার্পেন্টার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্সে উত্তীর্ণ; এবং<br>(গ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| ১০৬। | টিনস্মিথ (কর্মকার) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| ১০৭। | অটো টেম্পু/ ভেহিকেল মেকানিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ভোকেশনাল বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে অটো মোবাইল বিষয়ে ৬ (ছয়) মাস মেয়াদি ট্রেড কোর্সে উত্তীর্ণ; এবং<br>(গ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| ১০৮। | ইএন্ডবিআর/ বুট মেকার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১০৯। | রেকর্ড সর্টার | - | পদোন্নতির মাধ্যমে। | জমাদার বা দপ্তরী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ১১০। | ডেসপ্যাচ রাইডার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) মটর সাইকেল চালনার লাইসেন্স থাকিতে হইবে। |
| ১১১। | ফটোকপি অপারেটর | ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>জমাদার বা দপ্তরী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| ১১২। | হেডমালী | - | পদোন্নতির মাধ্যমে। | মালী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১১৩। | জমাদার | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ১১৪। | দপ্তরী | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১১৫। | অফিস সহায়ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১৬। | বাবুর্চি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা। |
| ১১৭। | সহকারী বাবুর্চি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা। |
| ১১৮। | মেস ওয়েটার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১৯। | লস্কর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২০। | ওয়াটার ক্যারিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২১। | ব্লু প্রিন্টার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১২২। | বাস হেলপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা। |
| ১২৩। | নিরাপত্তা প্রহরী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২৪। | মালী/গার্ডেনার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা। |
| ১২৫। | পরিচ্ছন্নতা কর্মী/ খাকরব | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) মোট পদের ৮০% পদ জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে:<br>তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে। |
| ১২৬। | আয়া | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**তফসিল-২**

[তফসিল-১ দ্রষ্টব্য]

সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ও অফিস করণিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয় নম্বর ইত্যাদি

| ক্রমিক নং | বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ৩০ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ৩০ | | |
| | ৩। গণিত | ২০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ২০ | | |
| | মোট | ১০০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট | | ১১০ | | |

ব্যাখ্যা: (১) নিম্নবর্ণিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন; যথা:-

(ক) লিখিত পরীক্ষা; এবং

(খ) সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর এবং সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদের জন্য তফসিল-৩ এ বর্ণিত পরীক্ষা।

(২) কম্পিউটারে Word processing সহ ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।

**তফসিল-৩**

[তফসিল-১ দ্রষ্টব্য]

সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর এবং সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে, ক্ষেত্রমত, পদোন্নতি বা সরাসরি নিয়োগ প্রার্থীদের সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার নাম, গতি, নম্বর ও সময়

| পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| সাঁটলিপি | | | | | | | | |
| সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৭০ শব্দ | ৪৫ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| কম্পিউটার মুদ্রাক্ষর | | | | | | | | |
| সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

ব্যাখ্যা: (১) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ এর জন্য ৩০ ( ত্রিশ) মিনিট সময় বরাদ্দ থাকিবে।

(২) ৫% (পাঁচ শতাংশ) এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য হইবে।

(৩) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% (চল্লিশ শতাংশ) হিসাবে গণ্য করা হইবে।

**তফসিল-৪**

[তফসিল-১ দ্রষ্টব্য]

রেকর্ড কিপার, অফিস করণিক এবং ডাটা ও এন্ট্রি অপারেটের পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার ভাষা, সময়, গতি ও নম্বর

| পরীক্ষার ভাষা | পরীক্ষার সময় | সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | মোট নম্বর | পাস নম্বর | গড় পাস নম্বর |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ইংরেজি | ১০ মিনিট | ৩০ শব্দ | ৫০ | ৪০% | ৫০% |
| বাংলা | ১০ মিনিট | ২৫ শব্দ | ৫০ | ৪০% | |

ব্যাখ্যা: (১) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(২) ৫% (পাঁচ শতাংশ) এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য হইবে।

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% (চল্লিশ শতাংশ) হিসাবে গণ্য করা হইবে।

**তফসিল-৫**

[তফসিল-১ দ্রষ্টব্য]

ড্রাইভার পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষার নাম, বিষয়, নম্বর ও সময়

<table>
<tr><th>পরীক্ষার নাম</th><th>পরীক্ষার বিষয়ের নাম</th><th>পরীক্ষার নম্বর</th><th>পাস নম্বর</th><th>লিখিত পরীক্ষার সময়</th></tr>
<tr><td>(১)</td><td>(২)</td><td>(৩)</td><td>(৪)</td><td>(৫)</td></tr>
<tr><td rowspan="5">লিখিত পরীক্ষা</td><td>বাংলা</td><td>১০</td><td rowspan="5">৫০%</td><td rowspan="5">১ ঘণ্টা</td></tr>
<tr><td>ইংরেজি</td><td>১০</td></tr>
<tr><td>গণিত</td><td>১০</td></tr>
<tr><td>প্রাসঙ্গিক টেকনিক্যাল বা সাধারণ জ্ঞান</td><td>১০</td></tr>
<tr><td>মোট</td><td>৪০ নম্বর</td></tr>
<tr><td colspan="2">মৌখিক পরীক্ষা</td><td>১০ নম্বর</td><td colspan="2"></td></tr>
<tr><td colspan="2">সর্বমোট</td><td>৫০ নম্বর</td><td colspan="2"></td></tr>
</table>

ব্যাখ্যা: ড্রাইভার পদের লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য হইবে।

**তফসিল-৬**

[তফসিল-১ দ্রষ্টব্য]

অফিস সহায়ক পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর ও সময়

| **পরীক্ষার নাম** | **বিষয়ের নাম** | **নম্বর** | **লিখিত পরীক্ষার সময়** |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| লিখিত পরীক্ষা | বাংলা | ১৫ | *১ ঘণ্টা* |
| | ইংরেজি | ১৫ | |
| | গণিত | ১০ | |
| | সাধারণ জ্ঞান | ১০ | |
| | *মোট* | ৫০ নম্বর | |
| *মৌখিক পরীক্ষা* | | ১০ নম্বর | |
| | সর্বমোট | ৬০ নম্বর | |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**ড. মোঃ আবু হেনা মোস্তফা কামাল,** এনডিসি
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd